দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 22 JAN 2010
পৃষ্ঠা ... ১৩ কলাম ... ৫ ......

# পদোন্নতির মাধ্যমে ৮০ ভাগ পদ পূরণ করা হবে মাধ্যমিক বিদ্যালয়ে

■ ইত্তেফাক রিপোর্ট

মাধ্যমিক বিদ্যালয়ের সহ-প্রধান, সহকারী জেলা শিক্ষা অফিসার এবং সহকারী বিদ্যালয় পরিদর্শকের পদগুলোতে এখন থেকে ২০ ভাগ সরাসরি এবং ৮০ ভাগ পদোন্নতির মাধ্যমে পূরণ করা হবে। গত সোমবার এ সংক্রান্ত একটি আদেশ জারি হয়। সরকারের এ আদেশ জারির ফলে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের পদোন্নতিতে আর বাধা রইল না।

২০০৪ সালে মাধ্যমিক বিদ্যালয়ের সহ-প্রধান, সহকারী জেলা শিক্ষা অফিসার এবং সহকারী বিদ্যালয় পরিদর্শকের পদগুলোতে ৫০ ভাগ সরাসরি এবং ৫০ ভাগ পদোন্নতির মাধ্যমে পূরণ করা হবে মর্মে একটি আইন জারি হয়। শিক্ষকরা এ আইনকে কালো আইন অভিহিত করে দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছিল। অবশেষে বর্তমান সরকার শিক্ষকদের দাবির প্রতি সমর্থন প্রকাশ করে আইন জারি করে। এ আইন জারি করায় বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মো: সামসুল হক এবং সাধারণ সম্পাদক মো: ইনছান আলী সরকারকে ধন্যবাদ জানিয়েছেন।